



# জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২২ ও ২০২৩

বাংলাদেশ শিশু একাডেমি আয়োজিত জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২২ ও ২০২৩-এর সময়সূচি

ক. উপজেলা/থানা পর্যায়	০৯ জুলাই থেকে ১২ জুলাই ২০২৩
খ. জেলা পর্যায়	১৫ জুলাই থেকে ১৭ জুলাই ২০২৩
গ. বিভাগীয় পর্যায়	২০ জুলাই থেকে ২২ জুলাই ২০২৩
ঘ. জাতীয় (চূড়ান্ত) পর্যায়ে	২৬ জুলাই থেকে ৩০ জুলাই ২০২৩

পুরস্কার প্রদান অনুষ্ঠানের সময়সূচি পরে জানানো হবে।

একজন প্রতিযোগী ২০২২ ও ২০২৩ দুই বছরেই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে এবং সর্বোচ্চ ৩টি বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। অর্থাৎ ২০২২-এর জন্য ৩টি এবং ২০২৩-এর জন্য ৩টি বিষয়। প্রতিযোগিতার বিষয়সমূহের ক্ষেত্রে আবৃত্তি ও চিত্রাংকন বিষয় দুটিতে ২০২২ ও ২০২৩-এর জন্য ভিন্ন ভিন্ন বিষয় নির্ধারণ করা হয়েছে। প্রতিযোগীরা একই গান, নৃত্য, কেব্রাত দুই বছরের প্রতিযোগিতায় পরিবেশন করতে পারবে না। সংগীতের বিভিন্ন বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক প্রতিযোগীদের কমপক্ষে আরও ৩টি গান পরিবেশন করার প্রস্তুতি থাকতে হবে। আবৃত্তির ক্ষেত্রে নির্ধারিত কবিতা ছাড়াও কমপক্ষে আরও ২টি কবিতা উপস্থাপন করার প্রস্তুতি থাকতে হবে। কুটিরশিল্প (বাঁশ-বেতের ব্যবহারের সামগ্রী তৈরি/মাটির কাজ ও বিজ্ঞানযন্ত্র উদ্ভাবন) প্রতিযোগিতার জন্য প্রয়োজনীয় উপকরণ প্রতিযোগীরা প্রতিযোগিতা স্থলে সঙ্গে আনবে এবং বিচারকের সামনে তার নির্মাণশৈলী প্রদর্শন করতে হবে। প্রতিযোগীরা একই নির্মাণশৈলী দুই বছরের প্রতিযোগিতায় প্রদর্শন করতে পারবে না। চিত্রাংকন প্রতিযোগিতায় শুধু কার্টিজ পেপার সরবরাহ করা হবে। অন্যান্য উপকরণ প্রতিযোগীদের সঙ্গে আনতে হবে।

## ২০২২ সালের জন্য প্রয়োজ্য

২০২২ সালে যারা ১ম শ্রেণি থেকে ১০ম শ্রেণি পর্যন্ত অধ্যয়ন করেছে এবং এস.এস.সি/দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করেছে অর্থাৎ যারা বর্তমানে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত তারা ২০২২ সালের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। ২০২২ সালে কোন শ্রেণিতে অধ্যয়ন করেছে তার প্রমাণক হিসেবে প্রতিযোগীকে অবশ্যই নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

২০২২ সালে ইংরেজি মাধ্যমে যারা স্ট্যান্ডার্ড ওয়ান থেকে ও-লেভেলে অধ্যয়ন করেছে, তারাও এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

## ২০২৩ সালের জন্য প্রয়োজ্য

২০২৩ সালে যারা ১ম শ্রেণি থেকে ১০ম শ্রেণি পর্যন্ত অধ্যয়ন করছে এবং এস.এস.সি/দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করবে তাহাই ২০২৩ সালের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। ২০২৩ সালে কোন শ্রেণিতে অধ্যয়ন করছে তার প্রমাণক হিসেবে প্রতিযোগীকে অবশ্যই নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

২০২৩ সালে ইংরেজি মাধ্যমে স্ট্যান্ডার্ড ওয়ান থেকে ও-লেভেল পর্যন্ত অধ্যয়নরত শিক্ষার্থীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

সকল শিশুর জন্য এই প্রতিযোগিতা উন্মুক্ত। অংশগ্রহণে ইচ্ছুক প্রতিযোগীরা নির্ধারিত তারিখে ও সময়ে নির্ধারিত স্থানে সরাসরি চলে যাবে। সঙ্গে থাকতে হবে অধ্যয়নরত শ্রেণির প্রমাণপত্র। যেমন : স্কুল আইডি কার্ড/ প্রধান শিক্ষক/ অধ্যক্ষের দেওয়া প্রত্যয়নপত্র।

ঢাকা মহানগরী এবং ঢাকা জেলার সকল থানা ও উপজেলার প্রতিযোগিতা সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য যোগাযোগ : রাশিদা বেগম, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, ঢাকা, ফোন : ০১৭১১৯৫২৪৭২

ঢাকা মহানগরীর বাইরের প্রতিযোগীরা প্রতিযোগিতা সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য নিজ নিজ জেলা শিশু বিষয়ক কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করবে।

**জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা সংক্রান্ত হটলাইন : ০১৯৭৬৩০২৯১৯**

**প্রতিযোগিতার নিয়মাবলি জানতে : [www.shishuacademy.gov.bd](http://www.shishuacademy.gov.bd)**

শিশুরা থাকুক হাসিতে, শিশুরা থাকুক খুশিতে

মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা-১০০০